ময়মনসিংহে খামারে বিষ দিয়ে ৮০ মণ গুলশা মাছ মেরে ফেলার অভিযোগ



ছবি: সংগৃহীত

ময়মনসিংহের ঈশ্বরগঞ্জে একটি ফিশারিতে বিষ প্রয়োগ করে বিপুল পরিমাণ মাছ মেরে ফেলার অভিযোগ উঠেছে। এতে প্রায় ৮০ মণ গুলশা মাছসহ বিভিন্ন প্রজাতির মাছ মারা গেছে। মৎস্যচাষি মাসুম খানের দাবি, এতে তাঁর ১২ লাখ টাকার বেশি ক্ষতি হয়েছে।

বৃহস্পতিবার (২৯ অক্টোবর) রাতে এ ঘটনায় ঈশ্বরগঞ্জ থানায় লিখিত অভিযোগ করেছেন তিনি।

অভিযোগে বলা হয়েছে, ঈশ্বরগঞ্জ পৌর শহরের দত্তপাড়া এলাকায় ৬০ শতক জমির ওপর মাসুম খানের ফিশারিটি অবস্থিত। বুধবার গভীর রাতে দুর্বৃত্তরা সেখানে বিষ প্রয়োগ করে বলে অভিযোগ তাঁর। এতে প্রায় ৮০ মণ গুলশা মাছ মারা যায়, যার আনুমানিক বাজারমূল্য ১২ লাখ টাকা। পাশাপাশি রুই, কাতলা, সিলভার কার্প ও মাগুরসহ আরও প্রায় ৩০ হাজার টাকার মাছ মারা গেছে।

মাসুম খান জানান, বুধবার রাতে প্রতিদিনের মতো মাছের খাবার দিয়ে তিনি বাড়ি ফিরে যান। পরদিন বৃহস্পতিবার ভোরে ফিশারিতে গিয়ে পানিতে মাছ ভাসতে দেখেন। পরে বিষ প্রয়োগের কারণে মাছগুলো মারা গেছে বলে বুঝতে পারেন।

তিনি বলেন, কয়েক মাসের পরিশ্রম ও বিনিয়োগ এক রাতেই নষ্ট হয়ে গেছে। এতে বড় ধরনের আর্থিক ক্ষতির মুখে পড়েছেন তিনি। ঘটনার সুষ্ঠু তদন্ত করে জড়িতদের শনাক্ত ও গ্রেপ্তারের দাবি জানিয়েছেন এই মৎস্যচাষি।

ঈশ্বরগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাজ্জাদ রোমন বলেন, খবর পেয়ে পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করছে। বিষয়টি তদন্ত করে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।